



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/

তারিখ :

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৩-০৭-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২৯১ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তে বিদ্যালয়টি ০১-০১-২০১৫ খ্রি. তারিখ থেকে ৩১-১২-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্নমাধ্যমিক বিদ্যালয় হিসেবে পরবর্তী মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

শর্তাবলী

- ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ২। প্রবিধানমালা ২০০৯ এর ৪৮ বিধি অনুযায়ী নির্বাহী কমিটি যথাযথ নিয়মে প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষক নিয়োগ করবেন। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA- আইন-২০০৫ অবশ্যই অনুসরণ করতে হবে
- ৩। প্রাথমিক অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৪। উক্ত মেয়াদের মধ্যে অস্থায়ী স্বীকৃতি পাওয়ার শর্ত পূরণে ব্যর্থ হলে প্রদত্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে
- ৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর.ও নং-১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৬। আগামী ০৩ (তিন) বছরের জে.এস.সি পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে
- ৭। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান করতে হবে
- ৮। বোর্ডের পূর্বনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না
- ৯। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে
- ১০। বিদ্যালয়ের চারিদিকে ফলবান ও ঔষধি বৃক্ষ রোপন করতে হবে
- ১১। লাইব্রেরিতে বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে। ছোটদের বাংলা পিডিয়া ও বাংলা একাডেমিক কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, বাংলা-ইংরেজি, ইংরেজি-বাংলা অভিধানসমূহ প্রতিটি ০৩(তিন) কপি করে ক্রয় করতে হবে
- ১২। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী সচল কম্পিউটার থাকতে হবে

১৮/১২/১৫

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

সদস্য সচিব

রোজ মেবী পাইলট জুনিয়র হাই স্কুল

ডাকঘর: খালিশপুর, থানা : খালিশপুর, জেলা : খুলনা

স্মারক নং- বিঅ-৬/

১৬/১২/১৫

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী, নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। জেলা প্রশাসক, খুলনা
- ৫। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৬। জেলা শিক্ষা অফিসার, খুলনা
- ৭। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, খালিশপুর, খুলনা
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ০৯। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। সংরক্ষিত কপি।

তারিখ : ১৬/১২/১৫

১৬/১২/১৫
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

১৬/১২/১৫